ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৮০
খোয়াই,২২ আগস্ট,২০২৫

**১ সেপ্টেম্বর থেকে খোয়াইয়ে**
**রাজ্যভিত্তিক খো খো প্রতিযোগিতা**

আগামী ১ সেপ্টেম্বর থেকে খোয়াই সরকারি বালক দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে তিনদিনব্যাপী অনূর্ধ্ব ১৭ রাজ্যভিত্তিক খো খো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে আজ খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। জেলা ক্রীড়া আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)। সভায় তিনি বলেন, খেলাধুলা ও শরীর চর্চায় মানুষের সুস্থ মানসিকতা ও সুস্থ শরীর গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাই সুস্বাস্থ্য ও সুস্থ সমাজ গঠনে শরীর চর্চা ও খেলাধুলা করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৭ খো খো প্রতিযোগিতায় ৮টি জেলা থেকে মোট ১৬টি দল (মহিলা ও পুরুষ) অংশগ্রহণ করবে। প্রস্তুতি বৈঠকে এছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, খোয়াই পঞ্চায়েত সমিতির সদস্য মাধব চক্রবর্তী সহ শিক্ষা, ডি.ডব্লিউ.এস., বিদ্যুৎ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিনিধিগণ।

*****